# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৪৭

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১) আযান দেয়ার প্রতি উদ্বুদ্ধকরণ ও আযানের ফযীলতের বর্ণনা

الترغيب في الأذان وما جاء في فضله

---

আরবী

(صحيح) وَعَنْ عقبة بن عامر رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يقول يعجب ربك من راعي غنم على رأس شظية للجبل يؤذن بالصلاة ويصلي فيقول الله عز وجل انظروا إلى عبدي هذا يؤذن ويقيم الصلاة يخاف مني قد غفرت لعبدي وأدخلته الجنة. رواه أبو داود والنسائي

বাংলা

২৪৭. (সহীহ) উক্ববা বিন আমের (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে একথা বলতে শুনেছিঃ

”তোমার পালনকর্তা ছাগলের সেই রাখালের কাজে আশ্চান্বিত হন, যে (ছাগল চরাতে গিয়ে) কোন পাহাড়ের টিলার উপর থাকে। (আর সালাতের সময় হলে) আযান দেয় ও সালাত আদায় করে। তখন মহান ও পরাক্রমশালী আল্লাহ্ বলেনঃ তোমরা দেখ আমার এ বান্দার দিকে। সে আযান দিচ্ছে ও সালাত আদায় করছে। সে আমাকে ভয় করছে। আমি আমার বান্দাকে ক্ষমা করে দিলাম এবং তাকে জান্নাতে প্রবেশ করালাম (তথা জান্নাতের অধিকারী করলাম)।”

(হাদীছটি বর্ণনা করেছেন আবু দাউদ ১২০৩ ও নাসাঈ ২/২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88007

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন